

# ড্যাফোডিল ইউনিভার্সিটির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটি গঠন



জিয়াউল হক সুমন



মোহাম্মদ তরিকুল ইসলাম

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ও ২০১৮-১৯ বর্ষের কার্যকরী কমিটি গঠন গত ১২ জুন বিশ্ববিদ্যালয়ের ব্যাঙ্কুয়েট হলে অনুষ্ঠিত হয়। ডিআইইউ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ও ইস্টার্ন ব্যাংকের হেড অব এইচআর, মঞ্জুরুল আলম জুয়েলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান। অনুষ্ঠানে অন্যান্যদের বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইউসুফ মাহাবুবুল ইসলাম, পরীক্ষা নিয়ন্ত্রক ও প্রোস্ট্র অধ্যাপক ড. গোলাম মাওলা চৌধুরী, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের পরিচালক (হিসাব ও অর্থ) মমিনুল হক মজুমদার, বাণিজ্য ও অর্থনীতি অনুষদের সহযোগী ডিন মাসুম ইকবাল এবং ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান মাহবুব পারভেজ। সভায় ২০১৮-১৯ বর্ষের নব গঠিত কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন এয়ারটেল বাংলাদেশ লিমিটেডের আঞ্চলিক ব্যবস্থাপক জিয়াউল হক সুমন এবং সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের জুনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ তরিকুল ইসলাম। ৩১ সদস্য বিশিষ্ট এই কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহ-সভাপতি ইসহাক মিজি, রাসেল প্রধানীয়া, মহীন চৌধুরী, মাহমুদুল হাসান, রফিক আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আফসারুর রহমান, মাহফুজুর রহমান এবং আনিসুর রহমান, কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন রেজাউল করিম। ■ ক্যাম্পাস ডেস্ক